



## গণমাধ্যমে জনগণের আস্থা পুনর্গঠন জরুরি: তথ্য উপদেষ্টা



সংগৃহীত ছবি

গুজব ও অপতথ্যের লাগাম টেনে ধরতে হলে গণমাধ্যমকে শক্ত অবস্থান নিতে হবে—এমন মত দিয়েছেন তথ্য ও সম্প্রচার উপদেষ্টা মো. মাহফুজ আলম। তিনি বলেন, সংবাদমাধ্যমের প্রতি জনগণের আস্থা দুর্বল হলে মিথ্যা তথ্যই জনমত নিয়ন্ত্রণ করতে শুরু করে, যা শেষ পর্যন্ত সমাজে অস্থিতিশীলতা তৈরি করে।

সোমবার (২৪ নভেম্বর) বাংলাদেশ প্রেস কাউন্সিলে ঢাকা রিপোর্টার্স ইউনিটির সাংবাদিকদের নিয়ে অনুষ্ঠিত ‘অপসংবাদিকতা রোধ ও বস্তুনিষ্ঠ সংবাদ পরিবেশন’ কর্মশালায় তিনি এই মন্তব্য করেন।

মাহফুজ আলম জানান, এখন পরিকল্পিতভাবে গুজব ছড়ানো হচ্ছে এবং বিগত ১৫ বছরে অপতথ্যের বিস্তার আরও তীব্র হয়েছে। এই পরিস্থিতিতে গণমাধ্যমকে শুধু সংবাদ পরিবেশন নয়, বরং তথ্য-ভিত্তিক জনবিশ্বাস গড়ে তোলার দায়িত্বও নিতে হবে।

জাতীয় নির্বাচন সামনে রেখে তিনি গণমাধ্যমের আরও সতর্ক ও দায়িত্বশীল ভূমিকা প্রত্যাশা করেন। একই সঙ্গে বিদ্যমান আইন প্রয়োগের মধ্য দিয়ে প্রেস কাউন্সিলকে আরও কার্যকর হওয়ার আহ্বান জানান তথ্য উপদেষ্টা।